দৈনিক বাংলা

56

তারিখ 16/10/78
পৃষ্ঠা 1 কলাম 4

# মহকুমা কমিটি প্রাথমিক শিক্ষক বাছাই করবে

সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের বর্তমান প্রচলিত নিয়ম পদ্ধতি এবং সমস্যাবলীর বিভিন্ন দিক পর্যালোচনা করে সরকার মহকুমা প্যানেল কমিটির মাধ্যমে সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিযুক্তির জন্য প্রার্থী বাছাই করার সিদ্ধান্ত নিয়েছেন। মহকুমা প্যানেল কমিটির গঠন নিম্নরূপ :

মহকুমা সদরে অবস্থিত সরকারী কলেজের অধ্যক্ষ (যেখানে একাধিক সরকারী কলেজ বিদ্যমান সেখানে জনশিক্ষা পরিচালক কর্তৃক মনোনীত কোন একজন অধ্যক্ষ। যেখানে সরকারী কলেজ নাই, বিভাগীয় উপ-জনশিক্ষা পরিচালক কর্তৃক মনোনীত বেসরকারী কলেজের একজন অধ্যক্ষ) ——চেয়ারম্যান ; মহকুমার সকল জাতীয় সংসদ সদস্য, মহকুমা সদরে অবস্থিত সরকারী উচ্চ বালক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, মহকুমা সদরে অবস্থিত সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষয়িত্রী, মহকুমাধীন সরকারী প্রাথমিক প্রশিক্ষণ প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক (মহকুমায় প্রাথমিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান নাই

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## মহকুমা কমিটি

১ম পৃঃ পর

সেখানে নিকটতম প্রাথমিক প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক অথবা তাহার মনোনীত ব্যক্তি), মহকুমা সদর থানার থানা শিক্ষা অফিসার—সদস্য এবং মহকুমা শিক্ষা অফিসার, সদস্য-সচিব।

যদি মহকুমা সদরে এক বা একাধিক সরকারী উচ্চ বালক/বালিকা বিদ্যালয় থাকে, সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় উপ-জনশিক্ষা পরিচালক একজন প্রধান শিক্ষক ও একজন প্রধান শিক্ষিককে প্যানেল কমিটির সদস্য হিসেবে মনোনয়ন দান করবেন।

শিক্ষক নিয়োগ বিধি যথাসময়ে জারী করা হবে।

সরকার নির্ধারিত বাছাই পদ্ধতি অনুসারে কমিটি শিক্ষক বাছাইয়ের কাজ সম্পন্ন করবেন।